

বাণিজ্য

আন্তর্জাতিক সীমান্ত ডিজিটাল লেনদেনে নতুন কাঠামো চালু

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি সংগৃহীত

দেশের লেনদেন অবকাঠামো আধুনিকায়ন, বৈদেশিক রেমিট্যান্স প্রেরণ সহজ করা এবং ডিজিটাল আর্থিক অন্তর্ভুক্তি বাড়াতে ঐক্যবদ্ধ-মধ্যস্থতাকারী আন্তর্জাতিক সীমান্ত ডিজিটাল লেনদেন কাঠামো চালু করেছে বাংলাদেশ ব্যাংক।

বুধবার (২৯ জুলাই) বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ (এফইপিডি) একটি সার্কুলার জারি করেছে।

নতুন নির্দেশনা অনুযায়ী, অনুমোদিত ডিলার (এডি) ব্যাংকগুলো বিদেশি পেমেন্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, ডিজিটাল প্ল্যাটফর্ম ও অনলাইন পেমেন্ট গেটওয়ে অপারেটরদের সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে আন্তর্জাতিক সীমান্ত ডিজিটাল পেমেন্ট সেবা দিতে পারবে।

সার্কুলারে বলা হয়েছে, বৈদেশিক মুদ্রা ছাড়প্রাপ্ত গ্রাহকদের জন্য ব্যাংকগুলো ডিজিটাল ভ্যালু অ্যাকাউন্ট (ডিভিএ) বা ডিজিটাল ওয়ালেট

খুলতে পারবে। প্রতিটি ডিভিএ সংশ্লিষ্ট ব্যাংকের একটি মাস্টার ডিভিএ বা সেটেলমেন্ট হিসাবের অধীনে উপ-হিসাব হিসেবে পরিচালিত হবে। এতে সব ধরনের লেনদেনের ওপর ব্যাংকের পূর্ণ নিয়ন্ত্রণ ও তদারকি নিশ্চিত হবে।

এ সুবিধার আওতায় দেশের বাসিন্দারা ব্যক্তিগত, চিকিৎসা ও সরকারি সফরসংক্রান্ত ব্যয় নির্বাহ করতে পারবেন। পাশাপাশি প্রতিটি লেনদেনে সর্বোচ্চ ৩০০ মার্কিন ডলার পর্যন্ত আন্তর্জাতিক অনলাইন পেমেন্ট করা যাবে। তথ্য-প্রযুক্তিভিত্তিক সেবা গ্রহণ, ভিসা প্রসেসিং ফি, সদস্যপদ নবায়ন এবং অনলাইনে হোটেল বুকিংয়ের অর্থও ডিভিএ থেকে পরিশোধ করা যাবে।

ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে এক্সপোর্ট রিটেনশন কোটা (ইআরকিউ) হিসাবের বিপরীতে প্রতিষ্ঠানের সর্বোচ্চ তিনজন শীর্ষ কর্মকর্তা প্রকৃত বৈদেশিক ব্যবসায়িক ব্যয়ের জন্য এ সুবিধা ব্যবহার করতে পারবেন।

স্বচ্ছতা নিশ্চিত করতে ব্যাংকগুলোকে ডিভিএ-সংক্রান্ত সব লেনদেনের মিরর লেজার সংরক্ষণ এবং অংশীদার ডিজিটাল পেমেন্ট সেবা প্রদানকারীর (সিডিপিএসপি) সঙ্গে রিয়েল-টাইম সংযোগ স্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে। এ ছাড়া ডিভিএতে অব্যবহৃত অর্থ ব্যাংকের নিয়ন্ত্রণেই থাকবে এবং বিদ্যমান বৈদেশিক মুদ্রা বিধিমালা অনুযায়ী তা দেশে সমন্বয় করা হবে।

বাংলাদেশ ব্যাংক জানিয়েছে, এ সেবা পরিচালনায় ব্যাংকগুলোকে কঠোর গ্রাহক পরিচিতি (কেওয়াইসি), গ্রাহক যথাযথ যাচাই (সিডিডি) এবং অর্থপাচার ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধবিষয়ক (এএমএল/সিএফটি) বিধান কঠোরভাবে অনুসরণ করতে হবে।

নতুন এই কাঠামোর আওতায় আন্তর্জাতিক বৈদেশিক অর্থ প্রেরণ সেবা চালু করতে আগ্রহী ব্যাংকগুলোকে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয় থেকে পূর্বানুমোদন নিতে হবে।

এ বিভাগের আরও খবর



শিমের কেজি ২০০ টাকা, স্বস্তি নেই সবজির বাজারে
রাজধানীর কাঁচাবাজারে সবজির দামে এখনো স্বস্তি ফেরেনি। শুক্রবার রায়ের বাজার ও মোহাম্মদপুর কৃষি বাজার ঘুরে দেখা গেছে, সববরাহ বাড়লেও শীতের আগা...



টানা দুই দিন কমল সোনার দাম, আজ ভরিতে ২২১৬ টাকা

এক দিনের ব্যবধানে দেশের বাজারে সোনার দাম আবার কমানো হয়েছে। আজ সোনার দাম ভরিতে কমেছে সর্বোচ্চ ২ হাজার ২১৬ টাকা। নতুন দর সকাল ১০টায় কার্যকর...



জ্বালানি তেলের পর বাড়ল নিত্যপণ্যের দাম

জ্বালানি তেলের দাম বাড়ায় নতুন করে চাপে পড়েছে মধ্যবিত্তের সংসার খরচ। এর প্রভাবে বেড়েছে মাছ, ডিম ও কিছু সবজির দাম। আজ শুক্রবার রাজধানীর বি...



চীনা অর্থনৈতিক অঞ্চলের অবকাঠামো উন্নয়নে বরাদ্দ ৩৬২৯ কোটি

চীনা অর্থনৈতিক ও শিল্পাঞ্চলের অবকাঠামো উন্নয়নে ৩ হাজার ৬২৯ কোটি ৯৫ লাখ ৮১ হাজার ৭৫ টাকা ব্যয়ের একটি ক্রয় প্রস্তাব অনুমোদন করেছে সরকার। এ অব...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/business/ant-simant-dijtal-lendene-ntun-kathamo-chalu>